দৈনিক বাংলা

তারিখ ··· 2-8 AUG 1994
পৃষ্ঠা ৭ কলাম ২

15

# চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট ৬ মাস ধরে বন্ধ —

স্টাফ রিপোর্টারঃ ২৭ চট্টগাম, আগস্ট।— ছাত্র অসন্তোষের কারণে চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট দীর্ঘ ৬ মাস ধরে বন্ধ থাকার ফলে শিক্ষা কার্যক্রম বন্ধ রয়েছে। ফলে সেশন জটের পাশাপাশি ইনস্টিটিউটের ৯ শতাধিক ছাত্রের শিক্ষাজীবনের একটি বছর নষ্ট হতে চলেছে। আগামী সেপ্টেম্বরে ইনস্টিটিউট খুলতে না পারলে নতুন সেশনে ছাত্র ভর্তি সম্ভব হবে না।

বাংলাদেশ পলিটেকনি শিক্ষক সমিতি চট্টগ্রাম শাখার নেতৃবৃন্দ সম্প্রতি সাং-বাদিক-দের সাথে প্রতিষ্ঠানটির বর্তমান পরিস্থিতি নিয়ে মত বিনিময়কালে শিক্ষা সংকটের জন্য গভীর উদ্বেগ প্রকাশ করেন।

শিক্ষক সমিতির সভাপতি আবদুল মান্নান হালদার ও সাধারণ সম্পাদক নজরুল ইসলাম পলিটেকনিক ইনস্টিটিউট বন্ধ হবার ঘটনা এবং তৃতীয়বারে মতো প্রতিষ্ঠানটি খুলে দেয়ার প্রচেষ্টা সফল না হবার প্রেক্ষাপট বর্ণনা করেন। ১৯ মার্চ দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষের পর ইনস্টিটিউট ও ছাত্রাবাস বন্ধ করে দেয়া হয়। গত ২০ এপ্রিল ছাত্রাবাস বন্ধ করলে ইনস্টিটিউট খোলার চেষ্টা করলে প্রথমদিনেই দু'পক্ষের মধ্যে সংঘর্ষ বাধে। ফলে কর্তৃপক্ষ পুনরায় ইনস্টিটিউট বন্ধ ঘোষণা করেন। ইতিমধ্যে অভিভাবক, প্রশাসন ও ছাত্র নেতৃবৃন্দের সাথে আলোচনা করে গত ৩ আগস্ট পুনরায় ইনস্টিটিউট খোলার সিদ্ধান্ত নেয়া হয়। কিন্তু আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর রিপোর্টের ভিত্তিতে রক্তক্ষয়ী সংঘর্ষের আশংকায় মেট্রোপলিটন পুলিশের লিখিত অনুরোধে ইনস্টিটিউট কর্তৃপক্ষ পুনরায় তা বন্ধ ঘোষণা করেন।

শিক্ষক সমিতি নেতৃবৃন্দ ইন-স্টিটিউটের কর্তৃত্ব বজায় রাখতে যুদ্ধংদেহী মনোভাবের জন্য জাতীয়তাবাদী ছাত্রদল ও ইসলামী ছাত্র শিবিরকে দায়ী করে। এই শিক্ষা প্রতিষ্ঠানের অন্য কোন ছাত্র সংগঠনের অস্তিত্ব নেই। মত বিনিময় অনুষ্ঠানে ইনস্টিটিউটের অধ্যক্ষসহ বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন।